

রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়

রাধানগর * নাঙ্গুলপাড়া * হুগলী

২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ভর্তির প্রক্রিয়া সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য (Choice Based Credit System (C.B.C.S) with Six Semesters)

- ১) বর্ধমান বিশ্ববিদ্যালয় স্বীকৃত যে কোন বোর্ড/কাউন্সিল থেকে ২০২১, ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।
- ২) আবেদনকারীরা কেবলমাত্র অনলাইন (Govt. order No:- 706-Edn(CS)/10M-95/14 dated 13.07.2021)-এ রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়ের ওয়েবসাইট www.rrrmahavidyalaya.edu.in/www.admissionrrrm.in)-এ আবেদন করতে পারবে।
- ৩) অনলাইন অ্যাপ্লিকেশন/রেজিস্ট্রেশন এর জন্য ফর্ম ফিলাপের সময় নিচে লেখা, ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় নিজস্ব তথ্যাবলী আপলোড করতে হবে -
 - ক) স্ক্যান করা ছবি (জে.পি.ই.জি. ফর্ম্যাট- ৩০ কে.বি.র নীচে)।
 - খ) স্ক্যান করা স্বাক্ষর (জে.পি.ই.জি. ফর্ম্যাট- ২০ কে.বি.র নীচে)।
 - গ) মাধ্যমিক অ্যাডমিট কার্ড (পি.ডি.এফ)।
 - ঘ) মাধ্যমিক মার্কশীট (পি.ডি.এফ)।
 - ঙ) উচ্চ মাধ্যমিক/ সমতুল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড (পি.ডি.এফ)।
 - চ) উচ্চ মাধ্যমিক/ সমতুল পরীক্ষার মার্কশীট (পি.ডি.এফ)।
 - ছ) কাস্ট সার্টিফিকেট (যদি কাস্ট ভিত্তিতে আবেদন হয়) (পি.ডি.এফ)।
 - জ) শারীরিক ভাবে সক্ষম না হলে তার সার্টিফিকেট (পি.ডি.এফ)।
- ৪) স্নাতক স্তরে অনার্স ও জেনারেল কোর্সে ফর্মফিলাপের কোনো রেজিস্ট্রেশন ফি লাগবে না।
- ৫) প্রত্যেক ছাত্র/ছাত্রীকে অনলাইন সাইটে দেওয়া ভর্তি সম্পর্কিত সাধারণ তথ্য ও নিয়মাবলী ফর্ম পূরণ করার আগে ভালভাবে দেখে নিতে বলা হচ্ছে।
- ৬) অনার্স কোর্সে একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক ৫ টি বিষয়ে আবেদন করতে পারবে এবং এর সাথে ২টি জেনারেল কোর্সে আবেদন করা যাবে।
- ৭) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরাই জেনারেল কোর্সে আবেদন করতে পারবে।
- ৮) বিজ্ঞান শাখায় জেনারেল কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবশ্যই বিজ্ঞানের বিষয়গুলি থাকতে হবে। বাণিজ্য শাখায় জেনারেল কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবশ্যই বাণিজ্য বিষয়গুলি থাকতে হবে।
- ৯) জেনারেল কোর্সের মেধাতালিকা উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ৬০% ও মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ৪০% এর ভিত্তিতে হবে।
- ১০) ফর্ম ফিলাপ করলেই ভর্তি হওয়া যাবে না। শুধুমাত্র মেধার ভিত্তিতে-ই ভর্তির সুযোগ হবে।
- ১১) মেধার ভিত্তিতে বিষয় পছন্দ করে ভর্তি হওয়ার পর কেবলমাত্র দুবার অন্য বিভাগের বিষয় পছন্দ করা হবে। কোনো প্রার্থী কোনো পর্বে সুযোগ পাওয়া সত্ত্বেও যদি গ্রহণ না করে তাহলে পরবর্তী পর্বে সেই বিষয়ে তার নাম বিবেচিত হবে না।
- ১২) অনার্স ও জেনারেলের যে কোনো পর্বে কোনো বিষয়ের/কোর্সের আসন সংখ্যা পূর্ণ হয়ে গেলে সেই বিষয়ের / কোর্সের ভর্তি সমাপ্ত হয়ে যাবে।

১৩) কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে অনার্স পাওয়ার ন্যূনতম যোগ্যতা নিম্নরূপ:-

সাম্মানিক স্তরে পাঠ্য বিষয়	আবেদন করার জন্য এগ্রিগেট-এ ৪৫% নম্বর ছাড়াও যে সব বিষয়ে পাশ করা বাধ্যতামূলক।
বাংলা	বাংলা
ইংরাজি	ইংরাজি
ইতিহাস	ইতিহাস (ইতিহাস না পড়ে থাকলেও আবেদন করা যাবে)।
সংস্কৃত	সংস্কৃত
রাষ্ট্রবিজ্ঞান	রাষ্ট্রবিজ্ঞান (রাষ্ট্রবিজ্ঞান না পড়ে থাকলেও আবেদন করা যাবে)।
দর্শনশাস্ত্র	দর্শনশাস্ত্র (দর্শনশাস্ত্র না পড়ে থাকলেও আবেদন করা যাবে)।
শিক্ষা	শিক্ষা (শিক্ষা না পড়ে থাকলেও আবেদন করা যাবে)।
ভূগোল	ভূগোল
পদার্থবিদ্যা	পদার্থবিদ্যা, রসায়ন, গণিত
রসায়ন	রসায়ন, পদার্থবিদ্যা, গণিত
গণিত	গণিত
হিসাবশাস্ত্র	হিসাবশাস্ত্র/ গণিত/ রাশিবিজ্ঞান/ কম্পিউটার সায়েন্স
প্রাণিবিদ্যা	জীববিদ্যা, রসায়ন
উদ্ভিদবিদ্যা	জীববিদ্যা, রসায়ন

১৪) ছাত্র-ছাত্রীদের খুব সতর্কভাবে অনলাইন ফর্মফিলাপ করতে হবে। চূড়ান্ত সিদ্ধান্তের আগে ফর্মে দেওয়া তথ্যগুলি ভাল করে দেখতে হবে।

১৫) ছাত্র-ছাত্রীদের দেওয়া তথ্যে কোন অসঙ্গতি/ভুল থাকলে যে কোন সময় তাদের আবেদনপত্র অথবা ভর্তি বাতিল করা হবে। প্রদত্ত অর্থ ফেরৎ দেওয়া হবে না।

১৬) ভোকেশনাল কোর্সের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা শুধুমাত্র জেনারেল কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১৭) ক্লাস শুরুর সময় নিম্নলিখিত শংসাপত্রগুলির আসল দেখাতে হবে।

ক) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীট।

খ) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীট, স্কুল লিভিং সার্টিফিকেট।

গ) কাস্ট সার্টিফিকেট (যদি কাস্টের ভিত্তিতে আবেদন করা হয়ে থাকে)।

ঘ) ভর্তি ফি এর রসিদ।

১৮) কোনোরকম অসঙ্গতি দেখা গেলে ভর্তির ফর্ম বাতিল হয়ে যাবে।

বি: দ্র : ভর্তি প্রক্রিয়ার জন্য ছাত্র-ছাত্রীদের কলেজে আসতে নিষেধ করা হচ্ছে। অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে বাড়িতে থেকে ভর্তির কাজ করার জন্য অনুরোধ করা হচ্ছে। ভর্তির তারিখ সরকারি নির্দেশিকা বলে পরিবর্তন সাপেক্ষ।



(Dr P.C.Mandal)

Teacher-In-Charge

Raja Rammohun Roy Mahavidyalaya
Radhanagar, P.O. - Nangulpara, Hooghly